

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের কার্যালয়
পুঠিয়া, রাজশাহী।

স্মারক নং-৪৭.৬২.৮১৮২.১০০.১৬.১০৬.১৬.৩১৬

তারিখঃ ০৬/১০/২০২০খ্রিঃ।

বিষয়ঃ ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্ন স্বাক্ষরকারী অদ্য লাগের পর আপনাকে অফিসে না পেয়ে মোবাইল ফোনে যোগাযোগ করা হলে আপনি জানান যে বাড়ি চলে গেছেন। আপনার আওতাধীন সমিতির ঋণ প্রস্তাব এর প্রয়োজনীয় কাগজ পত্র প্রস্তুত না করেই অফিস আওয়ারে নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষের অনুমোতি ব্যাতীয়েকে কর্মস্থল ত্যাগ করেছেন, ফলে আওতাধীন সমিতির সদস্যগণ সরকারের সেবা থেকে বঞ্চিত হচ্ছে।

০২. অত্র দপ্তরের স্বারক নং ২৯৯ তারিখঃ ২৪-০৯-২০২০ খ্রিঃ মূলে মহাপরিচালক বিআরডিবি মহোদয় এর নির্দেশনা অনুযায়ী আপনাকে আওতাধীন সমিতির চাহিত ছক অনুযায়ী ডিটেইল লিষ্ট করে ০৫-১০-২০২০খ্রিঃ তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য বলা হয়েছিল। কিন্তু অদ্যবধি তা আপনি দাখিল করেন নাই।

০৩. আপনার আওতাধীন শিবপুর নতুন পাড়া কেএসএস এর ঋণ বিতরণ ২৭-০৪-২০১৯ খ্রিঃ যাহা ২৭-০৪-২০২০ খ্রিঃ মেয়াদোত্তীর্ণ হয়েছে। আপনার দায়িত্ব কর্তব্যে অবহেলার কারণে উক্ত সমিতির ঋণ আদায় হচ্ছে না।

এমতাবস্থায়, কেন আপনার বিরুদ্ধে ইউসিসিএলিঃ এর চাকরি প্রবিধানমালা/২০১৮ অনুযায়ী দায়িত্ব কর্তব্যে অবহেলা এবং শৃঙ্খলা ভঙ্গের অপরাধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহন করা হবে না তাহার জবাব আগামী ০৩ কার্যদিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর বরাবরে উপস্থাপন করার জন্য বলা হলো।

বিষয়টি অতিব জরুরী।

প্রাপক

জনাব মোঃ শাজাহান আলী, পরিদর্শক
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
পুঠিয়া, রাজশাহী।



মোঃ জিয়াউর রহমান
উপজেলা পল্লী উন্নয়ন অফিসার

স্মারক নং-৪৭.৬২.৮১৮২.১০০.১৬.১০৬.১৬.৩১৬

তারিখঃ ০৬/১০/২০২০খ্রিঃ।

সদয় অবগতির জন্য প্রেরিত হলো।

- ১) উপপরিচালক, বিআরডিবি, রাজশাহী।
- ২) সভাপতি, পুঠিয়া, ইউসিসিএ লিঃ, রাজশাহী।
- ৩) সহকারী পল্লী উন্নয়ন অফিসার, পুঠিয়া, রাজশাহী।
- ৪) অফিস নথি।



উপজেলা পল্লী উন্নয়ন অফিসার